# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** আকাম ও মাহমুদ দুই বন্ধু। আকাম ইচ্ছাকৃতভাবে অমুসলমানদের অনুকরণ করেন এবং তাদের ধর্মীয় চিহ্ন ব্যবহার করেন। অন্যদিকে মাহমুদ আল্লাহ তায়ালার পাশাপাশি বিত্তবানদেরকে রিজিকদাতা মনে করেন এবং ফেরেশতাদের জগৎ পরিচালনাকারী হিসেবে মনে করেন।

ক. 'কুফর' শব্দের অর্থ কী? ১

খ. 'কুফর মানব সমাজে অনৈতিককতার প্রসার ঘটায়'।— ব্যাখ্যা করো। ২

গ. আকাম সাহেবের কর্মকাণ্ড কীসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মাহমুদ সাহেবের বিশ্বাসের পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

**২.▶** জাহিদ আল্লাহ তায়ালাকে বিশ্বনিয়ন্ত্রক হিসেবে বিশ্বাস করলেও অনন্ত জীবনের প্রতি সন্দেহ পোষণ করে। এ কথা জানতে পেরে মসজিদের ইমাম সাহেব বলেন, এরূপ বিশ্বাস ইসলামের বিপরীত। ইসলামের প্রতিটি মৌলিক বিষয়ের প্রতি বিশ্বাস রাখলেই মু'মিন হওয়া সম্ভব।

ক. 'ইমান' শব্দের অর্থ কী? ১

খ. 'ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা।'— বুঝিয়ে লেখো। ২

গ. জাহিদের মনোভাবে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "ইমাম সাহেবের মতামত যথার্থ।" — বিশ্লেষণ করো। ৪

**৩.▶** আফজাল ও আফতাব দুই বন্ধু। আফজাল পার্থিব লোভ-লালসা ও স্বার্থ রক্ষায় এতটাই লিপ্ত যে, সে অপরের অকল্যাণ ও অমঙ্গল করতে পিছপা হয় না। সে সবসময় সমাজে সন্দেহ ও বিশৃঙ্খলা সৃষ্টি করে। এমনকি তার কথা ও কাজে কোনো মিল নেই। অন্যদিকে আফতাবের ধারণা পৃথিবীতে যখন মানবতার চরম বিপর্যয় ঘটবে তখন আল্লাহ তাদের হেদায়েতের জন্য নবি-রাসুল প্রেরণ করবেন এবং কিয়ামত পর্যন্ত এ ধারা অব্যাহত থাকবে।

TeachingBD24.com

ক. 'খাতামুন' শব্দের অর্থ কী? ১
খ. আসমানি কিতাবে বিশ্বাস রাখতে হবে কেন? ২
গ. আফজালের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আফতাবের এরূপ ধারণার পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪.▶ জনাব মুরাদ একজন ধার্মিক ও ধনী লোক। ইসলামের বিধি-বিধানগুলো পালনের সাথে সাথে তিনি প্রচুর দান-খয়রাতও করেন। তার বাড়িতে ইয়াতিম ও ভিক্ষুক আসলে তিনি তাদের সাথে সুন্দর ব্যবহার করেন এবং তাদেরকে বিভিন্নভাবে সাহায্য করেন। অন্যদিকে মিসেস আলেয়ার কাছে কেউ গৃহস্থালির প্রয়োজনীয় জিনিস চাইতে আসলে থাকা সত্ত্বেও তিনি তা দিতে অস্বীকার করেন।

ক. সূরা আত-তীন কোথায় অবতীর্ণ হয়েছে? ১
খ. তাকরিরি হাদিস কাকে বলে? ব্যাখ্যা করো। ২
গ. কোন সূরার শিক্ষার প্রভাবে জনাব মুরাদ এরূপ দানশীল হয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিসেস আলেয়ার এরূপ কর্মকাণ্ড সূরা আল-মাউনের আলোকে মূল্যায়ন করো। ৪

৫.▶ সাদিক একজন ব্যবসায়ী। তিনি মনে করেন ইসলামি শরিয়তের নিয়ম-কানুনগুলো কেবল সালাত, সাওম, যাকাত প্রভৃতির ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু এ বিধানগুলো ব্যবসা-বাণিজ্য বা অর্থনৈতিক লেনদেনের ক্ষেত্রে অনুকরণ করা জরুরি নয়। জনাব রফিক নামের একজন মুসলিম দার্শনিক তাকে উপদেশ দিতে গিয়ে এ আয়াত তিলাওয়াত করল- "তোমরা কি কুরআনের এক অংশ গ্রহণ এবং অপর অংশ প্রত্যাখ্যান করবে?"

ক. 'ওয়াজিব' কাকে বলে? ১
খ. 'শরিয়ত' কী? ব্যাখ্যা করো। ২
গ. ইসলামের দৃষ্টিতে জনাব সাদিকের মনোভাব ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব রফিকের উল্লিখিত আয়াতটির শিক্ষা বিশ্লেষণ করো। ৪

৬.▶ মাহিয়ার বান্ধবী অনামিকা খ্রিষ্টান ধর্মাবলম্বী। কুরআন সম্পর্কে জানতে গিয়ে সে জানতে পারল, কুরআন একসঙ্গে নাজিল হয়নি। বরং এটি খণ্ড খণ্ডভাবে নাজিল হয়েছে। একদিন অনামিকা মাহিয়াকে প্রশ্ন করল কুরআন তো খণ্ড খণ্ডভাবে নাজিল হয়েছে, আমরা কীভাবে বুঝবো সংকলনের সময় এর

https://teachingbd24.com

মাঝে কোনো রদবদল হয়নি? মাহিয়া জবাব দিল, গ্রন্থটি সংকলনের ইতিহাস পর্যালোচনা করলে তুমি নিজেই এর উত্তর উপলব্ধি করতে পারবে।

ক. পৃথিবীতে নাজিল হওয়ার পূর্বে পবিত্র কুরআন কোথায় সংরক্ষিত ছিল? ১

খ. কুরআন আরবি ভাষায় নাজিল হওয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. অনামিকা কুরআন নাজিল হওয়া সম্পর্কে প্রথমে যে বিষয়টি জানতে পারে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. অনামিকা পৃথিবীতে কুরআন অবতরণের পদ্ধতি পর্যালোচনা করলে যা জানতে পারবে তা বিশ্লেষণ করো। ৪

৭.▶ শ্রেণিকক্ষে শিক্ষক আলমগীর সাহেব ছাত্রদের উদ্দেশ্যে বলেন, আল্লাহর দীনকে প্রতিষ্ঠা করার জন্য প্রত্যেক মুসলমানের জিহাদ করা কর্তব্য। এ জিহাদ হবে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে। অনেকেই জিহাদ বলতে শুধু রক্তপাত ও কতল (হত্যা) বুঝেন। এটা সঠিক নয়। ইসলামি জ্ঞানের সল্পতার কারণে এক শ্রেণির লোক জিহাদ ও সন্ত্রাসকে এক করে ফেলেছেন। বাস্তবে উভয়ের মধ্যে বিশাল পার্থক্য বর্তমান। তিনি আরও বলেন যে, 'মানুষকে সত্যনিষ্ঠ ও নৈতিক গুণে গুণান্বিত করাও জিহাদের অন্যতম উদ্দেশ্যে।'

ক. হারবুল ফিজার অর্থ কী? ১

খ. 'সাওম ঢালস্বরূপ'- বুঝিয়ে লেখো। ২

গ. শিক্ষক আলমগীর সাহেব 'আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে জিহাদ' দ্বারা কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জিহাদ ও সন্ত্রাস সম্পর্কে যে পার্থক্য দেখানো হয়েছে তা ইসলামের আলোকে মূল্যায়ন করো। ৪

৮.▶ জাহিদ সাহেবকে তার গ্রামের সবাই ভালো মানুষ হিসেবে জানেন। কেননা তিনি মানুষের নানা বিপদে-আপদে সর্বদা পাশে থাকেন। তবে সালাত ও সাওম পালনে তিনি বেশ উদাসীন। একদিন মসজিদের ইমাম সাহেব তাকে বললেন, আপনার দুনিয়া ও আখিরাত ভীষণ সুখময় হতো যদি আপনি সমাজসেবার পাশাপাশি আল্লাহর হক ঠিকমতো আদায় করতেন।

ক. ইবাদতের মূল লক্ষ্য কী? ১

খ. ইবাদতের মূল উদ্দেশ্য বুঝিয়ে লেখো। ২

গ. জাহিদ সাহেবের কাজগুলোকে ইসলামের পরিভাষায় কী বলা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের মন্তব্যের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৯.▶ আমিন সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি এলাকার মানুষকে ঋণ দিয়ে মূল পরিমাণের চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করে থাকেন। কিন্তু তার ভাই লেখাপড়া শেষ করেও কর্মহীন জীবনযাপন করছে। কেউ তাকে কোনো কাজে নিযুক্ত হওয়ার পরামর্শ দিলে সে উত্তরে বলে— কোনো কাজই আমার ভালো লাগে না।

ক. ওয়াদা পালন কোন আখলাকের অন্যতম গুণ? ১

খ. ফিতনা-ফাসাদ বলতে কী বোঝায়? ২

গ. আমিন সাহেবের কর্মকাণ্ডের পরিচয় পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আমিন সাহেবের ভাই এর কাজের পরিণতি অত্যন্ত ভয়াবহ— মতামত দাও। ৪

১০.▶ জনাব রফিক ও জনাব শফিক দুই ব্যবসায়ী। রফিক বেশি লাভের আশায় পণ্যসামগ্রী গুদামজাত করে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেন। তার বিরুদ্ধে জাল মুদ্রা চালিয়ে দেওয়া, অন্যের হক নষ্ট করা এবং মিথ্যা সাক্ষ্য দেওয়ারও অভিযোগ রয়েছে। অন্যদিকে জনাব শফিক কথাবার্তা, কাজকর্ম ও আচার-আচরণে সততা অবলম্বন করেন।

ক. সুদের আরবি প্রতিশব্দ কী? ১

খ. আমানত রক্ষা করতে হবে কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রফিকের মধ্যে আখলাকে যামিমার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শফিকের এরূপ কাজের প্রভাব ও সুফল বিশ্লেষণ করো। ৪

১১.▶ আব্দুল গণি বিত্তবান মানুষ। তিনি তার এলাকার মানুষের পানির অভাব দূর করেন। স্থানীয় মসজিদে মুসল্লিদের স্থান সংকুলান না হওয়ায় ব্যক্তিগত খরচে মসজিদ সম্প্রসারণ করেন। অপর পক্ষে মিছির মেধাবী মানুষ। হাদিস তাফসিরসহ সকল বিষয়ে তার অগাধ জ্ঞান। তিনি 'দিওয়ানে আলি' নামক আরবি কাব্যগ্রন্থটি বাংলায় অনুবাদ করেন এবং তিনি সহজ-সরল জীবনযাপন করেন।

ক. হযরত আলি (রা) এর স্ত্রীর নাম কী? ১

খ. হযরত উসমান (রা) কে 'জামিউল কুরআন' বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. আব্দুল গণির কর্মে কার জীবনের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিছির আলির কর্ম যে মহামানবের কর্মময় জীবনের সাথে সাদৃশ্যপূর্ণ তার জীবনী আলোচনা করো। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'আকাইদ' শব্দের অর্থ কী?**
ক বিশ্বাস  খ বিশ্বাসমালা
গ একত্ববাদ  ঘ অংশীবাদ

**২. ইসলামের মৌলিক ইবাদত অস্বীকারকারীকে কী বলা হয়?**
ক কাফির  খ মুশরিক
গ মুনাফিক  ঘ ফাসিক

**৩. আল-হক অর্থ কী?**
ক সুস্পষ্ট প্রমাণ  খ সত্য
গ পথ নির্দেশ  ঘ উপদেশ

**৪. মুনাফিকের বৈশিষ্ট্য হলো–**
i. মিথ্যা কথা বলা
ii. ওয়াদা ভঙ্গ করা
iii. ওজনে কম দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:**
আরমান সাহেব একজন দার্শনিক। তিনি বিশ্বাস করেন, কুরআন মাজিদ পূর্ববর্তী আসমানি কিতাবের মতো। তাই এটি আলাদাভাবে অনুসরণের প্রয়োজন নেই।

**৫. আরমান সাহেবের বিশ্বাস কোন পর্যায়ের?**
ক কুফর  খ শিরক
গ নিফাক  ঘ ফাসিক

**৬. মৃত্যুর পর আরমান সাহেবের অবস্থান হবে–**
ক জাহান্নামে  খ আরশে আযীমে
গ সিদরাতুল মুনতাহায়
ঘ পুলসিরাত

**৭. আল্লাহর একমাত্র মনোনীত দীন কোনটি?**
ক ইসলাম  খ হিন্দু
গ বৌদ্ধ  ঘ খ্রিষ্টান

**৮. ওহি লেখক সাহাবিদের সংখ্যা কত ছিল?**
ক ২৮  খ ৪২
গ ৪৭  ঘ ৮৬

**৯. পবিত্র কুরআনে কয়টি সূরা আছে?**
ক ১১২  খ ১১৩
গ ১১৪  ঘ ১১৫

**১০. বিশ্বস্ত, সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন?**
ক শহিদ  খ হাফিজ
গ আলিম  ঘ মুমিন

**১১. তাজবিদ সহকারে কুরআন তিলাওয়াত করা কী?**
ক ফরজ  খ সুন্নত
গ ওয়াজিব  ঘ মুস্তাহাব

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
জনাব হায়াত সমাজের অন্যায়ের প্রতিবাদ করতে গিয়ে চরম লাঞ্ছনার শিকার হন। অন্যায়কারীরা তার ব্যবসা প্রতিষ্ঠানে আগুন লাগিয়ে দিলে তিনি চরম অর্থ সংকটে পড়েন। এমতাবস্থায় তিনি চরম উদ্বিগ্ন হয়ে পড়েন।

**১২. এরূপ অবস্থায় জনাব হায়াতের উচিত কোন সূরা থেকে শিক্ষা গ্রহণ করা?**
ক আদ দুহা  খ আত তীন
গ ইনশিরাহ  ঘ মাউন

**১৩. এর ফলে জনাব হায়াত মুক্ত হবেন–**
i. দুঃখ-কষ্ট থেকে
ii. বিপদাপদ থেকে
iii. অর্থ সংকট থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

**১৪. ইসলামের চতুর্থ স্তম্ভ কোনটি?**
ক সালাত  খ যাকাত
গ সাওম  ঘ হজ

**১৫. আল্লামা ওয়াকি (রহ) এর মতে একজন ভালো ছাত্রের একমাত্র বৈশিষ্ট্য কোনটি?**
ক বুঝে শুনে মুখস্থ করা
খ লজ্জাশীল ও বিনীত হওয়া
গ সকল পাপ কাজ বর্জন করা
ঘ পাঠ তৈরি করে শ্রেণিতে যাওয়া

**১৬. হাক্কুল ইবাদ অর্থ কী?**
ক আল্লাহর হক  খ গরিবের হক
গ রাষ্ট্র প্রধানের হক  ঘ বান্দার হক

Teachingbd24.com

১৭. ইবাদতের অন্তর্ভুক্ত কাজ হচ্ছে—
i. নামায পড়া
ii. হালাল রুজি অন্বেষণ করা
iii. পড়াশোনা করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:
সে দিন ছিল পহেলা রমযান। হাসান রোযা রেখেছে। তার মা-বাবা দুজনই অফিসে গেছেন। বাসায় হাসান ছাড়া আর কেউ নেই। সে কয়েকটা খেজুর নিল খাওয়ার জন্য। কিন্তু খেতে পারল না। ভাবল, কেউ না দেখলেও আল্লাহ অবশ্যই দেখবেন।

১৮. কোন গুণ থাকার কারণে হাসান খেজুর খায়নি?
(ক) আমানত (খ) তাকওয়া
(গ) সিদক (ঘ) তাওয়াক্কুল

১৯. সাওম (রোযা) পালনের মাধ্যমে হাসান—
i. আল্লাহর নৈকট্য লাভ করতে পারবে
ii. সুনাম অর্জন করতে পারবে
iii. তাকওয়া অর্জন করতে পারবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. সামিয়া নবি ও রাসুলের দেখানো পথ অনুযায়ী সকলের সাথে উত্তম আচরণ করে। তার এ কাজটি কী হিসেবে গণ্য হবে?
(ক) ইবাদত (খ) ইহসান
(গ) সিদক (ঘ) তাকওয়া

২১. ইবাদত শব্দের আভিধানিক অর্থ কী?
(ক) দাসত্ব করা (খ) আত্মশুদ্ধি
(গ) পবিত্রতা (ঘ) পরিচ্ছন্নতা

২২. আমানতের খিয়ানত করা কার চিহ্ন?
(ক) ফাসিকের (খ) কাফিরের
(গ) মুনাফিকের (ঘ) মিথ্যাবাদীর

২৩. নৈতিকতা বলতে বোঝায়—
i. সততা ও ন্যায়-অন্যায়বোধ
ii. সৌজন্যমূলক ও সুন্দর স্বভাব
iii. সুমধুর বচন ও উন্নত চরিত্র
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. আল্লাহর কাছে কোনটির মূল্য অধিক?
(ক) দেশপ্রেম (খ) আখলাক
(গ) তাকওয়া (ঘ) শালীনতা

২৫. নবম শ্রেণির ছাত্রীরা শিক্ষক কর্তৃক দেয়া দায়িত্ব যথাযথভাবে পালন করে। তাদের কাজটি কী?
(ক) কর্তব্যপরায়ণতা (খ) মানবসেবা
(গ) পরিচ্ছন্নতা (ঘ) ভদ্রতা

২৬. হত্যার চেয়েও জঘন্য কোনটি?
(ক) হিংসা (খ) ফিতনা
(গ) প্রতারণা (ঘ) সুদ ও ঘুষ

২৭. কোন মুসলিম মনীষী প্রমাণ করেন যে পৃথিবী গোলাকার?
(ক) ইবনে জাবির (খ) আল-বিরুনি
(গ) আল কিন্দি (ঘ) ইবনে রুশদ

২৮. কোন খলিফাকে যুননুরাইন বলা হয়?
(ক) হযরত আবু বকর (রা)
(খ) হযরত উমর (রা)
(গ) হযরত উসমান (রা)
(ঘ) হযরত আলি (রা)

২৯. গণিতশাস্ত্রের জনক বলা হয় কাকে?
(ক) উমর খৈয়ামকে
(খ) আল রাযিকে
(গ) মুসা আল খাওয়ারেযমিকে
(ঘ) হাসান ইবনে হাইসামকে

৩০. মদিনায় হিজরত করার পর মুহাজির ও আনসারদের মাঝে ভ্রাতৃত্ব বন্ধনে প্রমাণিত হয়—
i. মুসলমানদের ত্যাগ
ii. সাহায্যের মানসিকতা
iii. মহানবি (স) এর আদেশের ভয়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

https://teachingbd24.com